## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৭শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৮ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৬৭ ইংরাজী 1st June. 1960 | ৩য় সংখ্যা








মতামত

সুন্দর, সস্তা আর মজবুত
জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করবার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৮ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৬৭ সাল।

### পশ্চিম বঙ্গ বিধান পরিষদের স্নাতক সভ্য নির্ব্বাচন কেন্দ্রে জেলা কংগ্রেস সভাপতির

## চোখের সামনে অস্নাতকের নির্ব্বিঘ্নে ভোট দান

গত ২২শে মে রবিবার মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ থানার স্নাতক (গ্র্যাজুয়েট) ভোটার-গণের ভোট গ্রহণ ফৌজদারী আদালত ভবনের নিকটবর্ত্তী ডাক বাংলায় অনুষ্ঠিত হয়।

অনেকদিন পূর্ব্বে শ্রীননীগোপাল চক্রবর্ত্তী নামক জনৈক গ্র্যাজুয়েট ভদ্রলোক জঙ্গিপুর মহকুমায় সরকারী কর্ম্মচারী ছিলেন। তিনি এখন অন্যত্র গেলেও স্নাতক ভোটার তালিকায় তাঁহার নাম আছে। তিনি ভোট-কেন্দ্রে অনুপস্থিত ছিলেন। অন্য একজন ননীগোপাল চক্রবর্ত্তী (ইনি দাঁত বাঁধানর কাজ করেন) তিনি গ্র্যাজুয়েট নন। উভয় ননীগোপালের পিতার নামে পার্থক্য থাকিলেও পিতার নাম জিজ্ঞাসা না করিয়া ভোটার তালিকা লিখিত পিতার নাম বলিয়া তাঁহাকে জিজ্ঞাসা করা হইলে তিনি মস্তক সঞ্চালনপূর্ব্বক সম্মতি জ্ঞাপন করেন। ব্যালট পেপার লইয়া গ্র্যাজুয়েটের ব্যালট বক্সে প্রদান করিয়া স্বস্থানে প্রস্থান করেন।

এই ভোট কেন্দ্রে মুর্শিদাবাদ জেলা কংগ্রেস সভাপতি শ্রীঝড়ুলাল দাস মহাশয় স্বয়ং কংগ্রেস মনোনীত প্রার্থীর এজেন্টরূপে একখানি আরাম কেদারায় উপবেশন করিয়া ব্যালট বক্সের নিকট যাইবার দ্বারদেশে উপস্থিত ছিলেন। ডেন্‌টিষ্ট ননীগোপাল তাঁহার (জেলা কংগ্রেস সভাপতির) প্রতিবেশী। জেলা সভাপতি মহাশয় জঙ্গিপুর মুন্সেফী আদালতের উকীল। আদালত ভবনের ফটক হইতে ডেন্‌টিষ্ট ননীগোপালের নবনির্ম্মিত বাসভবন অতি নিকটে। তিনি (জেলা কংগ্রেস সভাপতি মহাশয়) ডেন্‌টিষ্ট ননীগোপালকে নিশ্চয়ই জানেন। অনেকে বলেন এই ননীগোপাল চক্রবর্ত্তী ম্যাট্রিক পাশও নন।

গ্র্যাজুয়েটগণকে 'আইডেন্‌টিফাই' (সনাক্ত) করিবার জন্য উপস্থিত ছিলেন জঙ্গিপুর উচ্চতর বহুমুখী বিদ্যালয়ের শিক্ষক শ্রীঅতুলকৃষ্ণ সরকার মহাশয়। ইঁহার বাসভবন হইতে ডেন্‌টিষ্ট ননী-গোপালের বাসগৃহ তিন মিনিটের পথ। সুতরাং ডেনটিষ্ট ননীগোপাল জেলা কংগ্রেস সভাপতি ও গ্র্যাজুয়েট সনাক্তকারী অতুল বাবু উভয়েরই অপরিচিত নন। তাঁহারা যদি এই ননীগোপাল চক্রবর্ত্তীকে স্নাতক বলিয়া ভুল করেন তবে তাহা তাঁহাদের careful carelessness (কেয়ারফুল কেয়ারলেসনেস=সতর্ক অসাবধানতা) ছাড়া আর কিছু বলা যায় না।

নিখিল ভারত কংগ্রেস সভাপতি শ্রীসঞ্জীব রেড্ডী দক্ষিণ পশ্চিম কলিকাতায় লোকসভার উপনির্ব্বাচনে কমিউনিষ্ট প্রার্থীর নিকট প্রায় তের হাজার ভোটাধিক্যে কংগ্রেস প্রার্থীর পরাজয়ে বিস্মিত হইয়াছেন বলিয়া দুঃখ প্রকাশ করিয়াছেন। পশ্চিম বাংলার বিধান পরিষদের স্নাতক সভ্য নির্ব্বাচনের ফলও প্রকাশিত হইয়াছে। ইহাতেও কমিউনিষ্ট প্রার্থী শ্রনির্ম্মাল্য বাগচীর নিকটে কংগ্রেস প্রার্থী পরাজিত হইয়াছেন। ইহা শুনিয়াও শ্রীরেড্ডী মহাশয় বিস্মিত হইবেন এ বিষয়ে সন্দেহ নাই।

উল্লিখিত অভিযোগের সত্যতা নির্ণয় করিতে নিখিল ভারত কংগ্রেস সভাপতির বিশেষ আয়াস পাইতে হইবে না। এই কেন্দ্রের ব্যালট বক্সে ১০০ কিংবা ১২৫ খানি ব্যালট পেপারের মধ্যে শ্রীননীগোপাল চক্রবর্ত্তী প্রদত্ত ব্যালট পেপারে কোন্ সম্প্রদায়ভুক্ত প্রার্থীকে ভোট দেওয়া হইয়াছে তাহা নির্ণয় করিতে কষ্ট পাইতে হইবে না। শ্রীননীগোপাল চক্রবর্ত্তীর ভোটার তালিকার নং ৪৫ বলিয়া আমরা অবগত হইয়াছি।

---

### উকীলের কারাদণ্ড

কলিকাতা হাইকোর্টের বিচারপতি মিঃ জে, পি, মিত্র ও বিচারপতি মিঃ এস, কে, সেন আদালত অবমাননার অভিযোগে আলিপুর কোর্টের উকীল শ্রীহৃষিকেশ নস্করকে ৩ মাস কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন। মামলার বিবরণে প্রকাশ, আসামীকে রিসিভার নিয়োগ করা হয়। কিন্তু পুনঃ পুনঃ আদালতের আদেশ সত্ত্বেও তিনি আদায়ীকৃত টাকা জমা দেন নাই।

---

### চারি হাজার বালব উদ্ধার

বিগত ১৯শে মে রাত্রিতে দুইজন চোরা-কারবারীর পশ্চাদানুসরণ করিয়া অরঙ্গাবাদের স্থলশুল্ক বিভাগের কর্ম্মচারীগণ অবৈধভাবে আমদানী-কৃত উচ্চ মূল্যের চারি হাজার টর্চের বালব আটক করেন। আসামীরা মাল ফেলিয়া দিয়া রাত্রির অন্ধকারে গা ঢাকা দেয়।

---

### ফল পাকাইতে কারবাইড

কিছুদিন হইতে এখানে ব্যবসায়ীগণ কলা ও আম ফল অল্প সময়ে পাকাইতে কারবাইড ব্যবহার করিতেছে। কারবাইড দিয়া ফল পাকাইলে উহার আস্বাদ গাছ পাকা ফলের ন্যায় সুস্বাদু হইবে না। ভবিষ্যতে আরও কত অভিনব পন্থা দেখা যাবে।

---

### রাস্তার বালিতে অসুবিধা

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর রঘুনাথগঞ্জের সদর রাস্তাগুলিতে বালি দেওয়ায় পথিপার্শ্বস্থিত অধিবাসী-গণের ও দোকানদারগণের বিশেষ অসুবিধা হইয়াছে। রাস্তার বালি উড়িয়া ও লোকের পায়ের সঙ্গে ঘরে প্রবেশ করিয়া সর্ব্বদা বিরক্তি উৎপাদন করিতেছে। রাস্তায় বালি দেওয়ার আবশ্যকতা কি তাহা বিশেষজ্ঞগণ বলিতে পারেন। জন-সাধারণকে বালির জন্য বিশেষ অসুবিধা ভোগ করিতে হইতেছে সে বিষয়ে সন্দেহ নাই।

---

## চুরি

গত ১৩ই জ্যৈষ্ঠ শুক্রবার গভীর রাত্রিতে রঘুনাথগঞ্জ ফাঁসীতলায় জঙ্গিপুর এষ্টেট য়্যাকুইজিসন অফিসের সার্কেল ইন্সপেক্টর শ্রীরবীন্দ্রমোহন গাঙ্গুলী মহাশয়ের বাসা বাটীতে চুরি হইয়াছে। চোর দ্বিতলের জানালার লোহার শিক বাঁকাইয়া গৃহ মধ্যে প্রবেশ করিয়া সোনার অলঙ্কার, ঘড়ি ও নগদ টাকা লইয়া গিয়াছে। মেয়েদের নিদ্রিতা-বস্থায় গা হইতে অলঙ্কার খুলিয়া লইয়াছে। রবীন্দ্র বাবু ও তাঁহার স্ত্রী অনুভব করেন মাথা ঝিমঝিম করিতেছে। ইহাতে মনে হয় অজ্ঞান করিবার জন্য চোরেরা গ্যাস বা তদ্রূপ কোন দ্রব্য ব্যবহার করিয়াছিল। ৪।৫ দিনেও তাঁহাদের মাথার অসোয়াস্তি ঘোচে নাই। এতদঞ্চলে এরূপ বৈজ্ঞানিক দ্রব্য প্রয়োগ করিয়া চুরি শোনা যায় নাই।

---

## "স্যাঁকরার ঠুক্ ঠাক্ কামারের এক ঘা!"

নির্ব্বাচনে উপনির্ব্বাচনে কমিউনিষ্ট দল কংগ্রেসী প্রার্থীকে বহু ভোটাধিক্যে পরাজিত করিয়াছেন; সম্প্রতি ক্যানিং কেন্দ্রে পশ্চিম বঙ্গ বিধান সভার কংগ্রেস সদস্য জনাব আবদুস স্বক্কুরের মৃত্যুতে যে উপনির্ব্বাচন হয়, স্বক্কুর সাহেবের কন্যা শ্রীমতী সাকিলা খাতুন পিতার আসনের জন্য যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ছাত্রী হইয়াও প্রতিযোগিতা করিয়া কমিউনিষ্ট প্রার্থী শ্রীমাণিকলাল দত্ত অপেক্ষা ৩৪,৩০৬ চৌত্রিশ হাজার তিন শত ছয় ভোট বেশী পাইয়া তাঁহাকে পরাজিত করিয়াছেন। অন্যান্য প্রতিদ্বন্দ্বীদের জামিন বাজেয়াপ্ত হইয়াছে।

---

## "কথমিহ মানব তব সন্তোষঃ?"

বৃষ্টি ছিল না। কালবৈশাখী বুঝি অন্তর্হিত হইল। দেশ চাতকের মত ফটিক জল! ফটিক জল!! করিতে লাগিল। বিধাতা দিলেন বৃষ্টি কয়েকদিন ধরিয়া। দিনরাত ধারার বিরাম নাই। সে বৃষ্টি অসহ্য হইতে লাগিল। আবার দ্বাদশ সূর্য্য যেন তাপ দিতে সুরু করিয়াছে। ভরসা—ন দেবঃ সৃষ্টিনাশকঃ।

## দিল্লীতে শহীদ স্মারক নির্ম্মাণ

১৮৫৭ হইতে ১৯৪৭ সাল পর্য্যন্ত ভারতের স্বাধীনতা সংগ্রামে যাঁহারা আত্ম-বিসর্জ্জন করিয়াছেন তাঁহাদের স্মরণে দিল্লীর লালকেল্লার সম্মুখে চাঁদনীচকের বিপরীত দিকে ব্রোঞ্জ নির্মিত একটি শহীদ স্মারক স্থাপন করা হইবে। এই কার্য্যের ভার বিখ্যাত ভাস্কর শ্রীদেবীপ্রসাদ রায় চৌধুরীর উপর অর্পণ করা হইয়াছে। —প্রেঃ ইঃ ব্যুঃ

---

## ডাক ও তার বিভাগীয় কর্ম্মীদের কল্যাণ

ভারত সরকার ডাক ও তার বিভাগীয় কর্ম্মীদের কল্যাণার্থে একটী বিশেষ কল্যাণ তহবিল গঠনে সম্মত হইয়াছেন। সরকার প্রতি বৎসর এই তহবিলে ৭ লক্ষ টাকা প্রদান করিবেন। এই তহবিল হইতে খেলার মাঠ নির্ম্মাণ, সমষ্টি কেন্দ্র স্থাপন প্রভৃতি কল্যাণপ্রদ কার্য্যাদির ব্যয় নির্ব্বাহ করা হইবে। —প্রেঃ ইঃ ব্যুঃ

---

## হিন্দু যুবতীকে বিবাহের চেষ্টা

২৪শে মে আসানসোল কোর্টে এক মুসলমান যুবক কলিকাতার এক হিন্দু যুবতীকে মুসলমান ধর্ম্মে দীক্ষিত করিয়া বিবাহ করিতে উদ্যোগী হইলে স্থানীয় আইনজীবিগণ তাহাতে বাধা দেন। প্রকাশ যুবকটি বেগতিক দেখিয়া পলাইয়াছে। পুলিশ মেয়েটির ভার লইয়াছে।

—আসানসোল হিতৈষী

---


## বিজ্ঞাপন

এতদ্দারা সর্ব্বসাধারণকে জানান যায় যে থানা রঘুনাথগঞ্জের অধীন মৌজে বিজয়পুর মধ্যে ১৫৯ ও ১৭৭নং খতিয়ানের লিখিত সম্পত্তি সম্পর্কে উক্ত থানার অন্তর্গত বাছুরাইল সাকিমের লক্ষ্মীনারায়ণ মালের কোন প্রকার সম্পর্ক নাই। উক্ত সম্পত্তি আমার স্বত্ব দখলীয়। উক্ত লক্ষ্মীনারায়ণের নিকট কেহ উক্ত সম্পত্তি খরিদ করিলে নিজ দায়িত্বে করিবেন। ৩০।৫।৬০

শ্রীরতন মাল, সাং বাছুরাইল।


## জাতীয় ঔষধ প্রস্তুত বিধি

সম্প্রতি ভারতের জাতীয় ঔষধ প্রস্তুত বিধির প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। চিকিৎসক, ঔষধ ব্যবসায়ী ও হাসপাতালগুলির সুবিধার্থ উহা রচিত হইয়াছে। —প্রেঃ ইঃ ব্যুঃ

---


## বিজ্ঞাপন

এতদ্দারা সর্ব্বসাধারণকে জানান যায় যে আমরা নিম্নস্বাক্ষরকারীগণ থানা রঘুনাথগঞ্জের অধীন নাইত সাকিমের মৃত নাকফুর মণ্ডলের স্ত্রী সুবাসিনী দাসীর স্বত্ব দখলীয় স্বামী ত্যক্ত যাবতীয় সম্পত্তি ৫০০০৲ টাকা মূল্যে খরিদের চুক্তিতে উক্ত সুবাসিনীকে উক্ত পণ মধ্যে ৪৫০০৲ টাকা আদায় দিয়াছি। বাকী টাকা দিয়া আমরা কবালা করিয়া লইতে প্রস্তুত আছি। এমত অবস্থায় যদি কেহ উক্ত সম্পত্তি উক্ত সুবাসিনীর নিকট খরিদ করেন তবে তাহা নিজ দায়িত্বে করিবেন। ইতি—৩০।৫।৬০ ১। বলরাম মণ্ডল

২। নবনী মণ্ডল ৩। অবনী মণ্ডল

সর্ব্ব সাং নাইত, থানা রঘুনাথগঞ্জ।


---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৩ই জুন ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

২৮ অন্য ডিঃ সেবাইত শ্যামাচরণ নাথ দেং অতুলকৃষ্ণ রায় দাবি ৫২৪ টাকা ৫৮ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে গনকর ১৯-৭৪ শতকের কাত ৯৫৫/১ তন্মধ্যে দেন্দারের দখলীয় ॥০ আনা অংশে ৯-৮৭ শতকের কাত ৪৭৸৶৬ আঃ ৩০০৲ খং ১৭১ অধীনস্থ খং ১৭২ হইতে ১৭৫ নং রায়ত স্থিতিবান কোর্ট কর্ত্তৃক নির্দ্ধারিত মূল্য ১০০০৲

১৭৮ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং সেবাইত আদ্যাপদ ভট্টাচার্য্য দাবি ৩৭ টাকা ১৪ নঃ পঃ থানা সুতি মৌজে হিলোড়া ১৯১ শতকের ½ অংশে পরতামত জমা ৪৲ আঃ ২৫৲ খং ১১৭৬ আদালত মূল্য ৮০৲




দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস
৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬
টেলিগ্রাম: আর্ট ইউনিয়ন — টেলিফোন: বড়বাজার ৪৫৯
প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়
* * *
রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত
ইলেকট্রিক সলিউসন
—দ্বারা—
মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটার সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত 'ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেন্টঃ—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

শ্রীঅরুণ
কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিন্ট ও এন্‌লার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।